

তারিখ: ০৮/০৬/২০১৭

বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাস, এথেন্স এই প্রথমবারের মতো আগামী বুধবার, ১৪ জুন ২০১৭ তারিখে দূতাবাস প্রাঙ্গণে গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণকে বহির্গমন ডাটাবেজে অন্তর্ভুক্তকরণ অনুষ্ঠান আয়োজন করেছে। এই ডাটাবেজে অন্তর্ভুক্তির মাধ্যমে প্রবাসী বাংলাদেশি নাগরিকগণ বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত সুবিধাদি (যেমন বিপদগ্রস্ত কর্মী ফেরত আনয়ন, আইনগত সহায়তা, প্রবাসে কর্মীর সন্তানদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, দেশে প্রবাসী কর্মীদের পরিবারের জন্য শিক্ষা বৃত্তি, মৃত্যুজনিত ক্ষতিপূরণ ইত্যাদি) প্রাপ্য হবেন। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ থেকে আগত প্রতিনিধিবৃন্দ যোগদান করবেন। বিস্তারিত অনুষ্ঠানসূচি নিম্নে দেওয়া হলো-


অনুষ্ঠানসূচি:

তারিখ	সময়	বিষয়
বুধবার ১৪/০৬/২০১৭	বিকাল ২:৩০	দূতাবাসের কাউন্সেলর কর্তৃক সূচনা বক্তব্য
	বিকাল ২:৩৫	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মহোদয়ের বক্তব্য
	বিকাল ২:৪৫	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক মহোদয়ের বক্তব্য
	বিকাল ২:৫৫	মান্যবর রাষ্ট্রদূত মহোদয়ের বক্তব্য
	বিকাল ৩:০৫	ডাটাবেজে অন্তর্ভুক্ত প্রবাসীদের মধ্যে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মেম্বারশীপ কার্ড বিতরণ
	বিকাল ৩:২০	সমাপ্তি

১৪ জুন ২০১৭ তারিখে আয়োজিত অনুষ্ঠানে কার্ড গ্রহণের জন্য দূতাবাসের শ্রম উইং-এ অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:৩০-বিকাল ৪:০০ পর্যন্ত) যোগাযোগ করে মেম্বারশীপ ফরম পূরণ পূর্বক আগামী ১৩/০৬/২০১৭ তারিখের মধ্যে জমা দিতে হবে। পরবর্তীতে এই কার্ড সংগ্রহের জন্য অফিস চলাকালীন সময়ে দূতাবাসের শ্রম উইং-এ যোগাযোগের অনুরোধ করা হলো।

ডাটাবেজে অন্তর্ভুক্তকরণ অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশি নাগরিকগণকে অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো গেল।




০৮/০৬/২০১৭
দূতাবাস